

কক্সবাজারে বৃষ্টি ও পাহাড় ধসে ৬ রোহিঙ্গার মৃত্যু

bangla.bdnews24.com/samagrabangladesh/article1919134.bdnews

কক্সবাজার প্রতিনিধি, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 27 Jul 2021 03:36 PM BdST Updated: 27 Jul 2021 03:39 PM BdST



গত ৪ জুলাই ভারী বৃষ্টিতে কক্সবাজারের টেকনাফের একটি রোহিঙ্গা শরণার্থী শিবিরে পানি ওঠায় কয়েকটি পরিবারকে সরিয়ে নেওয়া হয়।

কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থী শিবিরে ভারী বৃষ্টিতে পাহাড় ধসে এবং পানিতে ভেসে শিশুসহ ছয়জন নিহত হয়েছে। তাছাড়া আহত হয়েছে আরও কয়েকজন।

মঙ্গলবার দুপুরে জেলার উখিয়া উপজেলার পালংখালী ইউনিয়নের ১০ নম্বর ও ১৮ নম্বর শরণার্থী শিবিরে তারা হতাহত হন বলে অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনার মো. সামছু-দৌজা নয়ন জানান।

তবে হতাহতদের নাম-পরিচয় তাৎক্ষণিক জানাতে পারেননি তিনি।

সামছু-দৌজা বলেন, দুপুরে ভারী বৃষ্টি হলে পাহাড়ের ঢালের নিচে ১০ নম্বর শিবিরের দুই-তিনটি বসতির ওপর মাটি পড়ে। মাটিচাপায় শিশুসহ পাঁচ রোহিঙ্গা শরণার্থী ঘটনাস্থলে নিহত হন। আহত হন বেশ কয়েকজন।

একই সময় বৃষ্টিতে পাহাড়ি ঢালের স্রোতে ভেসে যায় ১৮ নম্বর শিবিরে এক শিশু এবং পরে তার লাশ মেলে বলে জানান সামছু-দৌজা।